গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় ঃ মার্চ-২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি ঃ জনাব মাহমুদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ ঃ ২৮.০৩.২০২২
সময় ঃ বেলা- ১০.০০ ঘটিকা

সভার উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষরঃ হাজিরা খাতায় সংরক্ষিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। অতপরঃ উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তবুও আইন শৃঙ্খলার সুক্ষ্ম বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসে নেত্রকোণা মডেল থানায় মোট ৪৪ টি মামলা দায়ের হয়। এর মধ্যে নারী ও শিশু নির্যাতন ০৩ টি, জখম ১২ টি, মাদক দ্রব্য ১৪ টি, চুরি ০৩ টি, খুন ০১টি ও অন্যান্য ধারায় ১১ টি। নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৪৪ টি। সি এস ৩৯ টি, এফ আর টি ০৫ টি। জোয়া মাদক চুরি ও সামাজিক ভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয় এমন বিষয়ে তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলেকে অনুরোধ জানান। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা। |
| ২. | সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা খাস জমি উদ্ধারের কাজে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | খাস জমি উদ্ধারের কাজে সহযোগিতা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ৩. | চেয়ারম্যান, চেয়ারম্যান, রৌহা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, দুধকুড়া গ্রামে জোয়ার আসর বসে। চেয়ারম্যান, লক্ষীগঞ্জ ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, কৃষকের সেচ দেয়ার মটর চুরি হয়েছে। মির্জাপুর গ্রামে সাবমারসিবর পাম্প চুরি হয়েছে। চেয়ারম্যান মেদনী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, মাঝিপাড়া গ্রামে গরু চুরি হয়েছে। চেয়ারম্যান, মৌগাতী, ঠাকুরাকোণা, সিংহের বাংলা, চল্লিশা, কাইলাটি ও মদনপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,আইন শৃংখলা পরিস্থিতি ভালো। | পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করার পাশাপাশি মাদক ও জোয়া বন্ধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ৪. | সভাপতি, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রীস্টান ঐক্য পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, আইন শৃংখলা পরিস্থিতি ভালো। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |
| ৫. | ভাইস চেয়ারম্যান, জনাব আব্দুল খালেক তালুকদার, জানান যে, আইন শৃংখলার পরিস্থিতি ভালো। পুলিশি টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা |

CamScanner

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬. | মহিলা ভাইস চেয়ারম্যান, জনাব তুহিন আক্তার জানান যে, আইন শৃংখলার পরিস্থিতি ভালো। পুলিশি টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান। | পুলিশি টহল জোরদার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নেত্রকোণা মডেল থানা/ চেয়ারম্যান ইউপি (সকল) নেত্রকোণা সদর |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা সদর উপজেলায় গরু চুরি, মাদক, জুয়া বন্ধের ব্যাপারে পুলিশের পাশাপাশি ইউপি চেয়ারম্যানসহ সকলের সহযোগিতা কামনা করেন।

উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষেদের ভিতরে অহেতুক আড্ডা, আগুন ধরানো, মাদক সেবন এ বিষয়ে পুলিশকে তৎপর থাকতে অনুরোধ জানান। তিনি করোনা ভাইরাস প্রতিরোধে সকলকে মাস্ক পরিধান ও নারী নির্যাতন প্রতিরোধ এবং গ্রাম আদালতের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধান করার পরামর্শ প্রদানসহ সভায় গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

তিনি আরও জানান বাল্য বিবাহের উপর কঠোর নজরদারি রয়েছে। বাল্যবিাহ নিরোধকল্পে সম্মিলিতভাবে সকলকে কাজ করার জন্য অনুরোধ জানান। গরু চুরি মাদক, জুয়া ও ইভটিজিং বন্ধসহ টহল পুলিশ বৃদ্ধি করার জন্য অফিসার ইন-চার্জ নেত্রকোণাকে অনুরোধ জানান। আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.৩.২২

(মাহমুদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

স্মারক নম্বর- ০৫.৪৫.৭২৭৪.০০১.০১৮.১৯- ২২৮

তারিখঃ ২৮ মার্চ, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী ,সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও মুখ্য উপদেষ্টা উপজেলা আইন শৃংখলা কমিটি (বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আশরাফ আলী খান খসরু, এমপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থেঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক.........................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্‌রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫. উপজেলা .........................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৬. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা মডেল থানা, নেত্রকোণা।
৭. চেয়ারম্যান ................................................., ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৮. অফিস কপি।

২৮.৩.২২

উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner